আলমডাঙ্গা ও জীবননগর পৌরসভা নির্বাচনে বিএনপি প্রার্থীর ভোটবর্জন

নির্বাচনে কারচুপি এবং পোলিং এজেন্ট বের করে দেয়ার অভিযোগ তুলে ভোট বর্জনের ঘোষণা দিয়েছে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ও জীবননগর পৌর নির্বাচনে ধানের শীষের দু’প্রার্থী।

রবিবার সকাল সাড়ে ৯টায় জীবননগরের ধানের শীষ প্রার্থী শাহাজাহান কবির এবং বেলা সাড়ে ১২টায় আলমডাঙ্গার ধানের শীষ প্রার্থী মীর মহিউদ্দিন ভোট বর্জনের ঘোষণা দেন।

জীবননগরের ধানের শীষ প্রার্থী শাহাজাহান কবির বলেন, বেশিরভাগ কেন্দ্র থেকে ধানের শীষের পোলিং এজেন্ট বের করে দেয় নৌকার কর্মিরা। ভোটে কারচুপিও করা হচ্ছে।

এজন্য আমি ভোট বর্জনের ঘোষণা দিয়েছি। অভিন্ন অভিযোগ তুলে ভোট বর্জনের কথা নিশ্চিত করেন আলমডাঙ্গার ধানের শীষ প্রার্থী মীর মহিউদ্দিন।

গাংনীতে সুবিধা বঞ্চিত শিশুদের মাঝে স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরন বিতরন

মেহেরপুরের গাংনী চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে সুবিধা বঞ্চিত শিশুদের জন্য স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরন বিতরন করেছে স্বেচ্ছাসেবী সংগঠন কিশোরের ডাক । কিশোরের ডাক এর সভাপতি আব্দুল্লাহ আল নোমান এর সভাপতিত্বে এবং শিক্ষাবার্তা. কম এর সাব-এডিটর সাংবাদিক বফিকুল আলম বকুল এর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা

সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার আরিফ হাসান, বিশিষ্ট সংগঠক ও শিক্ষক আবু সায়েম পল্টু, গাংনী মডেল মাদ্রাসার পরিচালক ওয়াজ করনী আল জামিল, আল মদিনা দাখিল মাদ্রাসার শিক্ষক বেলাল হোসাইন হাফেজ মাওলানা শাহ জামাল কিশোরের ডাক এর নীরব, প্রদীপ, শাওনসহ এতিমখানা ও মাদ্রাসার ছাত্ররা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানের শুরুতে কোনআন থেকে তেলাওয়াত করেন হুমায়ুন কবির ।

অতিথির বক্তব্যে জনাব আরিফ হাসান বলেন, কিশোরের ডাকের আজকের এই আয়োজন সত্যিই প্রশংসার দাবিদার নিজেরা ছাত্র হয়েও এতিম অসহায় ছাত্রদের জন্য পকেট খরচের টাকা বাঁচিয়ে ও সমাজের কিছু মানুষের সহযোগিতায় তাদের এই উদ্দোগ সমাজের জন্য ইতিবাচক কাজ হিসেবে স্বীকৃত হবে । সমাজের বিত্তবান ব্যবসায়ী, চাকুরীজীবি সহ সবাইকে এতিম শিশুদের জন্য এগিয়ে আসার আহবান জানান তিনি ।

তিনি সহ সকল অতিথি এ রকম একটি মহৎ কাজে উপস্থিত হতে পারার জন্য কিশোরের ডাক এর সদস্যদের ধন্যবাদ জানান । উল্লেখ্য যে সাধারন না দ্বারা পরিচালিত কিশোরের ডাক এতিমখানা, মাদ্রাসা ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন সময় এ জাতীয় কার্যক্রম দীর্ঘদিন থেকে পরিচালনা করে আসছে ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজে বসন্ত উৎসব পালিত

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব পালিত হয়েছে।

১৪ই ফেব্রুয়ারি রবিবার বেলা ১২টার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগ হতে চুয়াডাঙ্গা সরকারি কলেজের মেন মেন ফটোক বিভিন্ন আয়োজন মাধ্যমে উৎসব টি পালন করা হয়।

বাংলা বিভাগের প্রধান ডাঃ আব্দুল আজিজ প্রমানিক এর সভাপতিত্বে বসন্ত বরণ উৎসব র্যালিতে অংশগ্রহণ করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ডাঃএকেএম সাইফুল রশিদ চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক

পরিষদের সম্পাদক নজরুল ইসলাম বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জাহিদ হাসান সহ শিক্ষক পরিষদের অসংখ্য শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ এই বসন্ত বরণ উৎসব র্যালি অংশগ্রহণ করেন।

সাবেক মেয়র মতু’র বাড়িতে বোমা হামলা মামলায় তিনজনকে খালাস

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোত্তাছিম বিল্লাহ মতু’র বাড়িতে বোমা হামলা মামলায় তিনজনকে খালাস দিয়েছে আদালত। রবিবার দুপুরে অতিরিক্ত জেলা দায়রা জজ রিপতী কুমার বিশ্বাস রায় দেন। খালাস প্রাপ্তরা হলেন, মেহেরপুর পৌর কলেজ পাড়ার মৃত মসলেম উদ্দীন এর ছেলে মৃত পাভেল, বিসি এল এর কেন্দ্র সহ সভাপতি মেহেরপুর জেলা শাখার সিংহাটি গ্রামের নুর-উছ-সাফা প্লাবন ও বামনপাড়ার মৃত রিয়াজউদ্দিন এর ছেলে লিখন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৩ সালে মোত্তাছিম বিল্লাহ মতু’র বাড়িতে বোমা হামলার ঘটনা ঘটে। এ ঘটনায় মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাইফুন আহম্মেদ রুপক বাদি হয়ে মেহেরপুর সদর থানায় তিনজনকে আসামী করে মামলা দায়ের করেন। যার নাম্বার- ২৬/১৪, ৫১/১৪, ১৪২/১৪। এই মামলায় আনিত অভিযোগ প্রমানিত না হওয়ায় বিজ্ঞ আদালত তাদের খালাসের আদেশ দেন। মামলায় রাষ্ট্র পক্ষের আইনজীবী ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক ও আসামী পক্ষের আইনজীবী ছিলেন অ্যাড. ইয়ারুল ইসলাম।

গাংনীতে সাধারণ

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুর গ্রামের একটি ফাঁকা বাড়িতে এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পুলিশ কনডম উদ্ধার করেছে।

অভিযুক্ত মোমিনুল হক মোমিন ওরফে মোমিন মাস্টার দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি উপজেলার মসজিদল পাকার ছেলে।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গেছে, মোমিনুল হক বর্তমানে গ্রাম থেকে ১৫ কিলোমিটার দূরে দামুড়হুদা উপজেলা শহরে বসবাস করেন। শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুরের আলিহিমের ফাঁকা বাড়িতে এক নারীর চিৎকার চেঁচামেচি শুনে এলাকার লোকজন ছুটে যান। এসময় মোমিন মাস্টারকে গণধোলাই দিয়ে রক্তাক্ত জখম করেন।

এতে তিনি গুরুতর আহত হন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। তাকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে থানায় নেওয়া হয়। এ সময় থানায় নেওয়া হয় একই উপজেলার বেড়বাড়ি গ্রামের ওই নারী ও তার স্বামীকে।

ভগিরথপুর গ্রামের মাছ ব্যবসায়ী ইলিয়াছ হোসেন জানান, রাতে মরাগাং বাঁওড় পাহারা দিতে আমি ও অরও হালদার নৌকা নিয়ে যাই। পরে ওই মেয়ের চিৎকার শুনে সেখানে যাই। সেখানে মোমিন মাস্টারকে বিবস্ত্র অবস্থায় দেখি। তার হাতে একটি জন্মবিরতিকরণ কনডম ছিল।

ওই মেয়ের চিৎকারে তার স্বামীসহ স্থানীয়রা এসে মোমিন মাস্টারকে মারধর করে।

তিনি বলেন, মোমিন মাস্টার ভালো হলে সন্ধ্যায় ফাঁকা বাড়িতে এক নারীকে নিয়ে তিনি কী করছিলেন? তিনি তো দামুড়হুদায় বাসা ভাড়া নিয়ে থাকেন।

বেড়বাড়ি গ্রামের ওই নারী অভিযোগ করে বলেন, আমার চাচাদের সঙ্গে জমি নিয়ে বিরোধ চলে আসছে। মোমিন মাস্টার ভালো উকিল দিয়ে মামলায় আমাদের জিতিয়ে দেবে বলে আশ্বাস দেয়।
উকিল এসেছে বলে সন্ধ্যায় আমি ও আমার স্বামীকে ভগিরথপুর গ্রামের আলিহিমের বাড়ি ডাকে মোমিন মাস্টার। মোমিন মাস্টার আমার স্বামীকে চা খেতে বাইরে যেতে বলে।

পরে ঘরের দরজা আটকে মোমিন মাস্টার আমাকে জোরপূর্বক ধর্ষণচেষ্টা করে। আমি চিৎকার দিলে আমার স্বামী ও স্থানীয়রা এসে আমাকে উদ্ধার করে। আমি তার বিরুদ্ধে থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে অভিযুক্ত মোমিন মাস্টার জানান, আমাকে পরিকল্পিতভাবে ফাঁসাতে ওই নাটক সাজানো হয়েছে। আমি রাজনীতি করি। আমার প্রতিপক্ষ এ কাজ করেছে। ওই মেয়ের চাচা আমাকে তার কাজ করে দিতে নিষেধ করেছিল। কিন্তু আমি অসহায় ভেবে কাজ করে দিতে চেয়েছিলাম। আমাকে হত্যাচেষ্টার মর্মে আমিও থানায় একটি অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি আবদুল খালেক জানান, উভয়পক্ষই থানায় লিখিত অভিযোগ দিয়েছে। মামলার বিষয়টি প্রক্রিয়াধীন।

ফের বাড়ল শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি

করোনা মহামারির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানের চলমান ছুটি ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।

রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে শিক্ষা মন্ত্রণালয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, কোভিড-১৯ মহামারির কারণে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের (কওমি ছাড়া) চলমান ছুটি আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।

দেশে গত ৮ মার্চ প্রথম করোনা রোগী শনাক্তের পর গত ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ছিল, সেই ছুটি এবার ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হলো।

তবে ছুটি চলাকালে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান থাকবে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

ঝিনাইদহে বিসিক শিল্প মেলা - ২০২১ এর সমাপনী

বিসিক শিল্প নগরী ঝিনাইদহের আয়োজনে ও ঝিনাইদহ জেলা প্রশাসনের সহযোগিতায় শনিবার সন্ধ্যা ৭ টায় মাসব্যাপী শিল্পমেলার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরোজ কুমার নাথ, জেলা প্রশাসক ঝিনাইদহ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ চেম্বার অব কমার্স এর সহ সভাপতি মো নাসিম উদ্দীন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বি এম সেলিম, প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান আব্দুর রশিদ অ্যাড, সভাপতিত্ব করেন বিসিক শিল্প নগরীর উপ ব্যবস্থাপক সেলিনা রহমান মিনা। অনুষ্ঠানের বক্তব্য পর্বের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করে অংকুর নাট্য একাডেমি ঝিনাইদহ। পুরো অনুষ্ঠানের উপস্থাপনা করে মো আশরাফুল আলম, সাধারণ সম্পাদক, ঝিনাইদহ ফ্লিম সোসাইটি। শিল্প মেলায় স্থানীয় উদ্যোক্তাদের মধ্যে ছিলো অর্গানিক ফুড প্রডাকশন সেন্টার “আসল স্বাদ ডটকম”, কেনাবেচা ঝিনাইদহ, ইনসাফ হোমডেলিভারি, সাজ বাংলা, অভি ফ্যাশন, আয়ান জুট, রঙ সুতোর খেলা সহ প্রায় ৪০ এর অধিক উদ্যোগী প্রতিষ্ঠান। মাসব্যাপী এই মেলায় তারা স্টল পরিচালনা করে। মাসব্যাপী এই মেলার আয়োজন করাতে স্থানীয় উদ্যোক্তারা বিসিক শিল্প নগরী ও জেলা প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে ও প্রতিবছর যাতে স্থানীয় উদ্যোক্তারা এমন সুযোগ পায় তা প্রস্তাব জানায়। জেলা প্রশাসক ও বিসিক শিল্প নগরীর উপব্যবস্থাপক আশ্বস্ত করেন তারা স্থানীয় উদ্যোক্তাদের নিয়ে প্রতিবছর মেলার আয়োজন করে উদ্যোক্তা সৃষ্টি করার দায়িত্ব নেবে।

মেহেরপুরের কাঁঠালপোতায় চেয়ারম্যান প্রার্থী আব্দুস সালামের পথসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন-২১ উপলক্ষে পিরোজপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন প্রত্যাশী পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম বিশ্বাসের নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাতে পিরোজপুর ইউনিয়নাধীন কাঁঠালপোতা গ্রামে এ পথসভা অনুষ্ঠিত হয়।
নির্বাচনী পথ সভায় পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আঃ খালেক, আঃ মান্নান বড়’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও আওয়ামীলীগ মনোনয়ন প্রত্যাশী আব্দুস সালাম বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের ৩ নং ইউপি সদস্য ও ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ওহিদুর রহমান ডাবলু।
অনুষ্ঠানে বক্তব্য দেন, সাকিবুর রহমান প্রতিক, আয়ুব আলী, তৌহিদুল ইসলাম, সিরাজ সরদার, কাওছার আলী, সিরাজুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন জুয়েল রানা।

কার্পাসডাঙ্গায় চুলের ক্যাপ তৈরীর কারখানা পরিদর্শন করলেন ডিসি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় গতকাল শনিবার দুপুর ১ টার দিকে (পরিত্যাক্ত চুল থেকে) চুলের ক্যাপ তৈরীর কারখানা ও চুল প্রসেসিং এর কারখানা পরির্দশনে আসেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।এসময় তিনি কারখানা শ্রমিকদের সাথে তাদের কাজের বিষয়ে বিভিন্ন আলোচনা করেন ।